গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশিক্ষণ ও শৃঙ্খলা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.minland.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৭.৫.০০১.১৭.৬

তারিখ: ২৭ চৈত্র ১৪২৫
১০ এপ্রিল ২০১৯

বিষয়: **অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System-GRS) সংক্রান্ত প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের মার্চ-২০১৯ মাসের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System-GRS) সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট: (১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে					
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
০৬	০৫	১১	১১	-	০০	
				১.কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার পাহাড়পুর ইউনিয়ন ভূমি অফিসের অফিস সহায়ক জনাব মোহাম্মদ আলীর বিরুদ্ধে অফিস কক্ষে বসে প্রতিদিন ধুমপানের অভিযোগসহ কতিপয় অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক ভূমি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, কুমিল্লা-কে অনুরোধ করা হয়েছে।		
				২. জনাব ইসা শেখ, পিং: মো: রেজাউল সেখ, গ্রাম: বলাডাঙ্গা, থানা ও উপজেলা: কালিয়া, জেলা: নড়াইল কর্তৃক দাখিলকৃত আবেদনের বিষয়ে ২০ কার্যদিবসের মধ্যে তদন্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত কার্যক্রম সম্পর্কে ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক, নড়াইল-কে অনুরোধ করা হয়েছে।		
				৩. দৈনিক পূর্বদেশ পত্রিকার ২৪/০২/২০১৯ তারিখের পেপার ক্লিপিং এর বিষয়ে তদন্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে এক মাসের মধ্যে মন্ত্রণালয়-কে অবহিত করার জন্য জেলা প্রশাসক, চট্টগ্রাম-কে অনুরোধ করা হয়েছে।		
				৪. জনাব আরজ আলী গং, পিতা: মো: রতন ফকির, গ্রাম: কুমর ডাঙ্গা, উপজেলা: লোহাগড়া, জেলা: নড়াইল কর্তৃক দাখিলকৃত আবেদনের বিষয়ে তদন্ত করে ১(এক) মাসের মধ্যে তদন্ত প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য জেলা প্রশাসক, নড়াইলকে অনুরোধ করা হয়েছে।		

				৫.বীর মুক্তিযোদ্ধা এনামুল হক খোকন, সভাপতি, লীজি কল্যাণ পরিষদ, রহমান চেম্বার, মতিঝিল, ঢাকা কর্তৃক দাখিলকৃত আবেদনের বিষয়ে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, ঢাকা-কে অনুরোধ করা হয়েছে।		
				৬.জনাব নুরুল আলম গং কর্তৃক দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে চেইনম্যান, সৈয়দ নিজাম উদ্দিনের সম্পদের বিবরণী পরীক্ষা করাসহ অভিযোগের বিষয়ে তদন্ত করে ত্রিশ কার্যদিবসের মধ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত ব্যবস্থা ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে জেলা প্রশাসক, চট্টগ্রাম-কে অনুরোধ করা হয়েছে।		
				৭. জনাব মনজুরুল হক মাসুদ কর্তৃক ভূমি রেকর্ড গেজেট না পাওয়ায় খাজনা দিতে বিরম্বনা বিষয়ে আনীত অভিযোগ তদন্ত করে ১৫ দিনের মধ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক, খুলনা-কে অনুরোধ করা হয়।		

১০-৪-২০১৯

মোঃ মজিবর রহমান
অতিরিক্ত সচিব
ফোন: ০২৯৫৪৬৫১০
ইমেইল:
mojiburrahman3680@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ সচিব এর দপ্তর
মন্ত্রিপরিষদ বিভাগ

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব (প্রতিকল্প), অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৭.৫.০০১.১৭.৬/১(৩)

তারিখ: ২৭ চৈত্র ১৪২৫
১০ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব, প্রশাসন-১, ভূমি মন্ত্রণালয়
২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়
৩) সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, ভূমি মন্ত্রণালয়(পত্রটিকে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হ'ল)

১০-৪-২০১৯

মোঃ মজিবর রহমান
অতিরিক্ত সচিব